



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

## জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং- পনি/মাধ্য/বিজ্ঞপ্তি/৬৩/৭৬

তারিখ : ০৬/১২/২০১৭ খ্রিঃ

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে;

- ১। কিছু কিছু শিক্ষকগণ OTP পূরণের সময় সৃজনশীলের উপর ঢাকাস্থ বেডু (BEDU) কর্তৃক ১৫/১২ দিনের প্রশিক্ষণ প্রাপ্ত না হওয়া সত্ত্বেও মাস্টার ট্রেনার অপশন পূরণ করেছেন। ফলে প্রকৃত মাস্টার ট্রেনার বাছাই করতে জটিলতা সৃষ্টি হচ্ছে। যারা সৃজনশীলের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন নাই, অথচ OTP তে মাস্টার ট্রেনার অপশন পূরণ করেছেন তাদেরকে OTP তে মাস্টার ট্রেনার অপশনে 'NO' সিলেক্ট করার জন্য বলা হলো;
- ২। প্রতিষ্ঠানের লাইব্রেরিয়ান, সহকারী লাইব্রেরিয়ান, প্রদর্শক, চুক্তিভিত্তিক শিক্ষক ও খন্ডকালীন শিক্ষকগণ কোন ক্রমেই OTP তে পাঠদানের কোন বিষয় পূরণ করবে না;
- ৩। ঢাকার বেডু (BEDU) কর্তৃক সৃজনশীলের উপর ১৫/১২ দিনের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকগণই মাস্টার ট্রেনার হিসেবে গণ্য হবেন;

প্রতিষ্ঠান প্রধানগণ উপরিউক্ত ০৩ (তিন) টি বিষয়ই যথাযথভাবে নিশ্চিত করবেন।

যদি দেখা যায় যে, কোন শিক্ষক/শিক্ষকবৃন্দ সৃজনশীলের উপর ঢাকাস্থ বেডু (BEDU) কর্তৃক ১৫/১২ দিনের প্রশিক্ষণ গ্রহণ করেন নাই অথচ OTP পূরণের সময় মাস্টার ট্রেনার অপশন পূরণ করেছেন এরূপ প্রমাণিত হলে, তাঁদের বিরুদ্ধে বিধিমোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ 'বোর্ডের কালো তালিকাভুক্ত' করা হবে। ইতোমধ্যে যদি কোন শিক্ষক OTP পূরণে এই ভুল করে থাকেন তবে তাদেরকে ৩০/১২/২০১৭ তারিখের মধ্যে সংশোধন করার জন্য বলা হ'ল।

বিষয়টি অতীব জরুরী।

বিঃ দ্রঃ শিক্ষকগণের তথ্য সংযোজন, সংশোধন বা বিয়োজন করার নিয়মাবলী :

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd) তে Login করে OEMS বাটনে ক্লিক করে OEMS LOGIN page এ Login Type এর OTP সিলেক্ট করে অভিন্ন Techer ID ও Password দেয়ার পরে প্রতিষ্ঠান প্রধান বা সংশ্লিষ্ট শিক্ষক তার Personal Information, Educational Information ও Experience Update করতে পারবেন।

যে সকল শিক্ষক অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণ অথবা অন্যত্র যোগদান করেছেন তাদের তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জনবল কাঠামো থেকে বিয়োজন করতে হবে।

\*\* সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি Password এর গোপনীয়তা রক্ষা করবেন।

(মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : [controller@jessoreboard.gov.bd](mailto:controller@jessoreboard.gov.bd)

প্রাপক

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।